গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা- ৫

‘স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ডলাইফ প্রটেকশন’ ২০১৫ এর Updating Species Red List of Bangladesh- শীর্ষক উপ-প্রকল্পের National Committee for Updating Species Red List of Bangladesh (NC-USR) এর প্রথম সভার কার্যপত্র

সভার তারিখ: ১০ মে ২০১৫, সময়: সকাল ০৩.০০মিনিট
সভার স্থান: সম্মেলন কেন্দ্র (কক্ষ নং-১৩১৭, ভবন নং-৬), পরিবশে ও বন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়।

বিশ্বব্যাংকের অর্থায়নে বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ডলাইফ প্রটেকশন’ প্রকল্পের ‘Updating Species Red List of Bangladesh’ শীর্ষক উপ-প্রকল্প International Union for Conservation of Nature (IUCN) ডিসেম্বর ২০১৩ হতে বাস্তবায়ন করছে। The IUCN Red List of Threatened Species-কে বিভিন্ন প্রজাতির প্রাণী ও বৃক্ষের বিলুপ্ত হওয়ার ঝুঁকি নিরুপণ ও এর বিজ্ঞানভিত্তিক অবস্থা যাচাইয়ের একটি বৈশ্বিক সার্বজনিন সমন্বিত পদ্ধতি হিসেবে স্বীকার ও গ্রহণ করা হয়। উপ-প্রকল্পটি বাংলাদেশের রেড লিস্টভূক্ত ৭টি গ্রুপের বন্যপ্রাণীর আনুমানিক ১৭০০ প্রজাতির প্রাণীর তথ্যাদি মে ২০১৬ এর মধ্যে হালনাগাদ করবে।

বর্ণিত উপ-প্রকল্পটি সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নীতিগত সহায়তা ও হালনাগাদকৃত রেডলিস্টভূক্ত ঝুঁকিতে থাকা প্রাণীদের ঝুঁকিমুক্ত রাখার জন্য বিভিন্ন সরকারি সংস্থা যাতে তাদের বন্যপ্রাণী সংরক্ষণ নীতিতে প্রয়োজনীয় পরিবর্তন আনে সে লক্ষ্যে ও অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রে নির্দেশনা প্রদানের নিমিত্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়-এর সভাপতিত্বে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, সুশীল সমাজ এবং আই.ইউ.সি.এন-এর ২০ সদস্য ও সদস্যার সমন্বয়ে ১৩ অক্টোবর ২০১৪ পরিবেশ ও বন মন্ত্রনালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন (নং-পবম/পরিশা-৫/৩২৯/২০১১/১৯৮) এর মাধ্যমে National Committee for Updating Species Red List of Bangladesh (NC-USR) গঠন করা হয়েছিলো।

আলোচ্যসূচি:

১। পরিচিতি পর্ব

২। সভাপতির সূচনা বক্তব্য

৩। সদস্য সচিব কর্তৃক সভার উদ্দেশ্য উপস্থাপন

৪। প্রকল্প ব্যবস্থাপক কর্তৃক প্রকল্পের কার্যক্রম/অগ্রগতি উপস্থাপন

৫। কমিটির কার্যপরিধির অন্তর্ভূক্ত নিম্নোক্ত বিষয়ভিত্তিক পর্যালোচনাঃ

৫.১। কমিটি সংশ্লিষ্ট সংস্থা সমূহকে উপ-প্রকল্প কর্তৃক বন্যপ্রানীর প্রজাতিসমূহের অবস্থা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহসহ ব্যবহারে সহায়তা প্রদানের জন্য পরামর্শ প্রদান করবেন।

- প্রজাতিসমূহের অবস্থা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহসহ ব্যবহারে সহায়তা প্রদানের জন্য বন ও পরিবেশ মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় এর অধীন সংশ্লিষ্ট অধিদপ্তর যেমন: পরিবেশ অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তর; বিভিন্ন বিশ্ববিদ্যালয় এর সংশ্লিষ্ঠ বিভাগসমূহ, গবেষণা পরিচালনাকারী প্রতিষ্ঠান যেমন: বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট, বাংলাদেশ বন গবেষণা ইন্সটিটিউট, ইত্যাদি বরাবর প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা দরকার।

৫.২। কমিটি বন্যপ্রানীর প্রজাতিসমূহের অবস্থার চূড়ান্ত মূল্যায়ন দেশের নীতি এবং কার্যক্রমে যাতে গ্রহন করা হয়, সে লক্ষ্যে সুপারিশ করবে।

উপ-প্রকল্প কর্তৃক যাচাইকৃত ১৭০০ প্রজাতির ফলাফলের ভিত্তিতে ঃ

- বন্যপ্রাণী সংরক্ষণ আইন-২০১২ এর অন্তর্ভূক্ত বিভিন্ন সিডিউল সংশোধনের সুপারিশ করা।
- বন্য প্রানীর আবাসস্থল সংরক্ষণ ও গবেষনার সুপারিশ করা।
- বিপদাপন্ন প্রাণীর তালিকা করে তাদের সংরক্ষনের জন্য যথাপোযুক্ত ব্যবস্থা গ্রহন।
- CITES এ নতুন বিপদাপন্ন প্রজাতিসমূহ অর্ন্তভুক্তি করণ।
- নতুন চিহ্নিত প্রজাতিসমূহ জাতীয় বন্যপ্রানী তালিকায় অর্ন্তভুক্ত করা।
- বিপদাপন্ন প্রাণিসমূহের আবাসস্থল সংরক্ষনের মাধ্যমে তাদের সংরক্ষনের জন্য আন্তজার্তিক সংস্থাসমূহের সাথে আলোচনার ভিত্তিতে বৈদেশিক সহায়তা গ্রহন করে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন।
- বাংলাদেশের বনসহ মূল উদ্ভিদগুলোর তালিকা করে (প্রায় ৭৫০ প্রজাতি) তাদের বর্তমান অবস্থা নির্ণয়ের জন্য সংশ্লিষ্ট সংস্থা, অধিদপ্তর এবং রেড লিস্ট প্রকল্পে বাস্তবায়নকারী সংস্থার সাথে সমন্বয় করে দ্রুত একটি প্রকল্প পরিকল্পনার উদ্যোগ নেয়া।
- সামুদ্রিক ও ব্রাকিশ (brackish) মৎস্যপ্রজাতি সমূহের পূর্নাঙ্গ তালিকা করে তাদের বর্তমান অবস্থা নির্ণয়ের জন্য সংশ্লিষ্ট সংস্থা, অধিদপ্তর এবং রেড লিস্ট প্রকল্পে বাস্তবায়নকারী সংস্থার সাথে সমন্বয় করে দ্রুত একটি প্রকল্প পরিকল্পনার উদ্যোগ নেয়া।
- উপরোক্ত কার্যসমূহ বিবেচনায় এনে দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের উদ্যোগ নেয়া।

৫.৩। কমিটি সংশ্লিষ্ট সংস্থা/ব্যাক্তি/গবেষণা প্রতিষ্ঠান হতে বণ্যপ্রানীর প্রজাতিসমূহের অবস্থার মূল্যায়ন সংক্রান্ত তথ্যাদি/প্রতিবেদন সংগ্রহের প্রচেষ্টা নিবে।

- বন্যপ্রাণি প্রজাতিসমূহের অবস্থার মূল্যায়ন সংক্রান্ত তথ্যাদি/প্রতিবেদন এবং ছবি সংগ্রহের জন্য বিভিন্ন সংশ্লিষ্ট মন্ত্রনালয় (বন ও পরিবেশ, মৎস ও প্রাণী সম্পদ মন্ত্রনালয়), শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (বিশ্ববিদ্যালয়), গবেষণা পরিচালনাকারী প্রতিষ্ঠান (বাংলাদেশ মৎস গবেষনা ইন্সটিউট, বাংলাদেশ বন গবেষণা ইন্সটিউট), গবেষক ও পরিবেশ ও প্রানি বিষয়ক ফটোগ্রাফার, দেশি- বিদেশি ওয়েরসাইট সম্পৃক্ত সংস্থা সমূহে চিঠি প্রদানের মাধ্যমে তথ্য, প্রতিবেদন ও ছবি সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

৫.৩। কমিটি National Biodiversity Database (NBD) **প্রতিষ্ঠা, রক্ষণাবেক্ষন ও চালু রাখার নিমিত্ত প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।**

- উপ-প্রকল্পের আওতায় একটি National Biodiversity Database (NBD) তৈরি করা হচেছ, যা প্রকল্পের মেয়াদের পর সংরক্ষন, নিয়মিত আপডেট, পরিচালনা ও পরিবর্ধন করার নিমিত্তে বনবিভাগের সেন্ট্রাল সার্ভার এ সংযুক্ত করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ভবিষ্যতে ডাটাবেজটি সংরক্ষন, পরিমার্জন, পরিবর্ধন, সংশোধন ও সংযুক্তির জন্য সঠিক কারিগরী সহায়তা গ্রহণের লক্ষ্যে ও ভবিষ্যতে অন্যান্য প্রজাতির তথ্য অন্তর্ভূক্ত্য করনে বনবিভাগের সংশ্লিষ্ঠ বিভিন্ন কার্যক্রমে আইইউসিএন কে সংযুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- প্রস্তাবিত Wildlife Research Centre(WRC) - এ রেড লিস্ট প্রকল্পের মাধ্যমে বন্য প্রানীর যেসব তথ্যাদি সংরক্ষিত হচ্ছে, সেসকল তথ্যসমূহ আর্কাইভ করার জন্য উপযুক্ত কক্ষ/পরিসর বরাদ্দের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
- প্রকল্পের পরবর্তী জাতীয় গুরুত্বপূর্ন এই তথ্যভান্ডারটি পরিচালনার জন্য প্রয়োজনীয় আর্থিক বরাদ্দের জন্য যথাপোযুক্ত সংস্থার সাথে যোগাযোগ করা ও ব্যবস্থা গ্রহন।

৫.৪। কমিটি উপ-প্রকল্পটির গবেষনা কাজে বিশ্ববিদ্যালয় এবং বেসরকারি গবেষনা প্রতিষ্ঠানের সহায়তা নিশ্চিত করবে।

- প্রকল্পের মাধ্যমে বন্যপ্রানির অবস্থা মূল্যায়নে বিভিন্ন বিশ্ববিদ্যালয় এর শিক্ষক-গবেষক,ছাত্র সবার সাথে কর্মশালার মাধ্যমে মতামত,পরামার্শ, সুপারিশ, নতুন তথ্য সংগ্রহ, প্রশিক্ষন ও কারিগরি সহায়তা প্রদানের জন্য নির্ধারিত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবর চিঠি প্রদান। এই উদ্দেশ্যে আগামী মে ও জুন মাসের মধ্যে ৪ টি পাবলিক বিশ্ববিদ্যালয় এ আঞ্চলিক কর্মশালা আয়োজন করা হচ্ছে।

৫.৫। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং কার্যপরিধি সংশোধন/পরিবর্ধন/পরিমার্জন করতে পারবে।

- National Committee for Updating Species Red List of Bangladesh (NC-USR), রেড লিস্ট প্রকল্পের কাজ নিবিড়ভাবে পর্যবেক্ষনের জন্য জনাব তপন কুমার দে, বন সংরক্ষক, বাংলাদেশ বন বিভাগ ও জনাব সাহেদ মাহবুব চৌধুরী, প্রকল্প পরিচালক, Updating Species Red List of Bangladesh কে কমিটি তে সদস্য হিসেবে কো-অপ্ট করার জন্য প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন করা।
- পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রতিনিধি বিদেশে অবস্থান করায় তাঁর পরিবর্তে নতুন প্রতিনিধি প্রেরণের জন্য সংশ্লিষ্ঠ কর্তৃপক্ষ বরাবর চিঠি প্রেরণ।

৫.৫। অন্যান্য আলোচনা (যদি থাকে)

৫.৬। সভাপতি কর্তৃক ধন্যবাদ জ্ঞাপন।